

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২৭, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
(আইন অধিশাখা-৪)

সংশোধনী প্রজ্ঞাপন

তারিখ, ২১ জানুয়ারি, ২০১৪ খ্রিস্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০৫.১২-২১—যেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী 'ক' তফসিলে বর্ণিত প্রত্যর্পণযোগ্য অর্পিত সম্পত্তির মৌজা ভিত্তিক উপজেলা ও জেলাওয়ারী তালিকা প্রস্তুত করিয়া সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হইয়াছে এবং যেহেতু প্রকাশিত তালিকায় অনিবার্য কারণে কতিপয় ভুলত্রুটি রহিয়াছে ও কতিপয় সম্পত্তির অসুদৃষ্টি বাদ পড়িয়াছে ;

সেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (সংশোধন) আইন, ২০১৩ এর ধারা-৪ অনুযায়ী সন্নিবেশিত অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১ক) এর বিধান অনুযায়ী লালমনিরহাট জেলার লালমনিরহাট সদর উপজেলার মৌজা ভিত্তিক 'ক-তফসিলভুক্ত' অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা সরকার কর্তৃক গেজেটে প্রকাশ করা হইল। ইহা ইতিপূর্বে প্রকাশিত সংশিষ্ট জেলার, উপজেলার ও মৌজার 'ক- তফসিলের' সংশোধিত তালিকা হিসাবে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী  
উপসচিব।

(১৩১৫)

মূল্য : টাকা ৪.০০

## অর্পিত সম্পত্তির তালিকা

## ‘ক’ তফসিল

(অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (সংশোধন ২০১৩) এর ধারা ৯এর উপ-ধারা (১ক) অনুযায়ী প্রকাশিত)

## ‘ক’ তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির সংশোধিত তালিকা

জেলা : লালমনিরহাট

উপজেলা : লালমনিরহাট সদর

ক্রমিক নং	গেজেট প্রকাশের তারিখ	গেজেটের পৃষ্ঠা নং	গেজেটে ভুলের বিবরণ ও সংশোধন
১	২	৩	৪
১৩৮ ও ১৬৪	মার্চ ১৫, ২০১২	২৩৩২ ও ২৩৩৪	ভিপি কেস নং ১১৮/৬৯-৭০ ভুক্ত সাপটানা মৌজার এসএ ১১১১ নং খতিয়ানের ২৫০৬ নং দাগের ০.১৮ একর জমি গেজেটের ১৩৮ ও ১৬৪ নং ক্রমিকে দুইবার লিখা হওয়ায় ১৩৮ ক্রমিকের এন্ট্রি বাদ যাবে।
১৮৮	ঐ	২৩৩৭	২ নং কলামে ভিপি কেস নং ৩/৮৫ এর পরিবর্তে ১/৮২ হবে।
২০০	ঐ	২৩৩৮	৯ নং কলামে জমির পরিমাণ ‘০.০৭ মধ্যে ০.০৫ একর’ এর স্থলে ‘০.১১ একর’ হবে।
২৫০	ঐ	২৩৪৫	৪ নং কলামে মূল মালিকের নাম ‘শ্রী শ্যামব্রত বন্দোপাধ্যায়’ এর পরিবর্তে ‘শ্রী শ্যামব্রত বন্দোপাধ্যায় গং’ হবে। ৭ নং কলামে হাল খতিয়ান নং ৩৬৬ ও ৩৫৮ এবং ৮ নং কলামে হাল দাগ নং ২৬৪ অন্তর্ভুক্ত হবে।
২৮১	ঐ	২৩৫৩	মূল মালিকের নাম ভুল লিখা হয়েছে। মূল মালিকের নাম ‘কান্দুরা রাম অধিকারী, পিং রমাকান্ত, সাং নিজ’ এর পরিবর্তে ‘কৈকর্তি অধিকারী, পিং রমাকান্ত, সাং নিজ’ হবে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd